



পিলখানা হত্যাকাণ্ড ছিল পরিকল্পিত: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

পিলখানা হত্যাকাণ্ডকে পরিকল্পিত ঘটনা আখ্যা দিয়েছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তার দাবি, তৎকালীন ক্ষমতাসীন বাংলাদেশ আওয়ামী লীগ ফ্যাসিবাদী শাসন প্রতিষ্ঠার অংশ হিসেবে এবং ভারতের সহযোগিতায় এ হত্যাকাণ্ড ঘটিয়েছে।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর বনানী সামরিক কবরস্থানে পিলখানায় নিহত সেনা সদস্যদের কবরে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলামের ভাষ্য, ২০০৮ সালে ক্ষমতায় আসার পর সেনাবাহিনীকে দুর্বল করার লক্ষ্যেই পরিকল্পিতভাবে এই ঘটনা ঘটানো হয়, যা দেশের ইতিহাসে এক গভীর শোকের অধ্যায়।

এ সময় তিনি সাম্প্রতিক এক সাক্ষাৎকারে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন—এর বক্তব্যেরও সমালোচনা করেন। তার অভিযোগ, ওই সাক্ষাৎকারে জিয়াউর রহমান ও খালেদা জিয়া—কে নিয়ে নেতিবাচক মন্তব্য করা হয়েছে, যা রাষ্ট্রপতির পদে থাকার সঙ্গে অসঙ্গতিপূর্ণ।

অন্যদিকে, পৃথক বিবৃতিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী দাবি করেছে, রাষ্ট্রপতি তার সাক্ষাৎকারে রাষ্ট্রের অভ্যন্তরীণ ও গোপনীয় বিষয় প্রকাশ করে শপথ ভঙ্গ করেছেন—এ নিয়ে দলটি উদ্বেগ প্রকাশ করেছে।